## ♣ উত্তরপত্র

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০১৩ (১ম)

**Total questions : 79 Total marks : 79**

---

1) চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়া এমনভাবে কমালো যে, চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমালো?

1)
২২%

✔ 2)
২০%

3)
৩০%

4)
২৫%

**ব্যাখ্যা :** ২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা
বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা
বর্তমান মূল্য ১০০ টাকা হলে পূর্বমূল্য (১০০×১০০)/১২৫ = ৮০ টাকা
ঐ পরিবার চিনি খাওয়া কমালো = ( ১০০ - ৮০)% = ২০%

Hello BCS

2) ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর বালকের বয়স কত?

✔ 1)
১৩ বছর

2)
১৬ বছর

3)
১৫ বছর

4)
১৪ বছর

**ব্যাখ্যা :**

- ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের মোট বয়স = (৩৫ × ১৫) = ৫২৫ বছর
- শুধু পুরুষদের মোট বয়স = (৪০ × ৬) = ২৪০ বছর
- শুধু স্ত্রীলোকদের মোট বয়স = (৩৪ × ৮) = ২৭২ বছর
- তাহলে বালকের বয়স = {৫২৫ - (২৪০ + ২৭২)} = ১৩ বছর।

3)
'ঔদ্ধত্য' এর বিপরীত শব্দ কোনটি?

1)
স্তব্ধ

✔ 2)
বিনয়

3)
গম্ভীর

4)
মাথা নত করা

**ব্যাখ্যা :**

- 'ঔদ্ধত্য' এর অর্থ হল অতিরিক্ত বাড়াবাড়ি, অশালীন ব্যবহার, সীমাহীন আচরণ, অভদ্র ইত্যাদি। এর বিপরীত শব্দ হল বিনয়।

4)
'Viva-voce' শব্দটির অর্থ হচ্ছে--------------

✔ 1)
Orally

2)
Face to face

Hello BCS

3)
Interview

4)
Written

**ব্যাখ্যা :**

- Viva-voce' (ভাইভা ভৌচি) হলো একটি Latin phrase যার অর্থ মৌখিকভাবে, মুখে মুখে। যার সমার্থক শব্দ হলো Orally. এছাড়া Face to face অর্থ মুখোমুখি, Interview অর্থ সাক্ষাৎকার এবং Written অর্থ লিখিত। সুতরাং সঠিক উত্তর (ক)।

5)
নিচের কোনটি শুদ্ধ বানান?

1)
Addultration

2)
Adultration

3)
Addulteration

✔ 4)
Adulteration

**ব্যাখ্যা :**

- সঠিক বানান যুক্ত শব্দ হলো Adulteration যার অর্থ অপদ্রব্য মিশ্রিত করা।
- এরকম আরো কিছু শুদ্ধ বানান যুক্ত শব্দ যেমন :
- Achievement ⇒ অর্জন
- Addendum ⇒ সংযোজন, সংযুক্তি
- Admittance ⇒ প্রবেশ, প্রবেশ অধিকার
- Aggression ⇒ বিনা প্ররোচনায় আক্রমন, আগ্রাসন
- Alleviation ⇒ উপশম করা
- Annihilate ⇒ বিলোপ সাধন করা, ধ্বংশ করা
- Aquarium ⇒ মৎসাধার
- Archipelago ⇒ দ্বীপপুঞ্জ
- সুতরাং সঠিক উত্তর (ঘ)।

Hello BCS

6)
'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?

1)
পাহাড়

2)
গিরি

✔ 3)
শিলা

4)
শৈল

**ব্যাখ্যা :**

- পর্বত শব্দের সমার্থক শব্দ হল অদ্রি, পাহাড়, অচল, গিরি, ভূধর, শৈল, নগ, শিখরী, মহীধর, শৃঙ্গধর, ক্ষিতিধর, মেদিনীধর ইত্যাদি।
- সুতরাং সঠিক উত্তর হল অপশন (গ) শিলা, যার সমার্থক শব্দ হল পাথর।

Hello BCS

7)
ন্যায়দণ্ড' উপন্যাসটির লেখক কে?

1)
স্বর্ণকুমারী দেবী

✔ 2)
জরাসন্ধ

3)
রশীদ করীম

4)
সৈয়দ ওয়ালীউল্লাহ

**ব্যাখ্যা :**

- জরাসন্ধ' হল চারু চক্রবর্তীর ছদ্মনাম। তিনি রচনা করেন 'ন্যায়দণ্ড' উপন্যাস।

- 'উত্তম পুরুষ' উপন্যাসের লেখক হলেন রশীদ করীম। সৈয়দ ওয়ালীউল্লাহর বিখ্যাত উপন্যাস হল 'লালসালু' যা ১৯৪৯ সালে প্রকাশিত হয়।

8)
'গায়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
গৈ + য়ক

✔ 2)
গৈ + অক

3)
গা + অক

4)
গঃ + অক

Hello BCS

**ব্যাখ্যা :**

- সন্ধির নিয়মানুসারে,
- এ, ঐ, ও, ঔ কারের পর এ, ঐ, এর স্থানে অয়, আয় এবং ও, ঔ এর স্থলে অব্, আব্ হয়। যেমন-
-
- ঔ + উ = আব্ + উ ভৌ + উক = ভাবুক
- ও + এ = অব্ + এ গো + এষণা = গবেষণা
- ঔ + অ = আব্ + অ পৌ + অক = পাবক
- ঔ + ই = আব্ + ই নৌ + ইক = নাবিক
- এ + অ = অয্ + অ নে + অন = নয়ন
- এ + অ = অয্ + অ শে + অন = শয়ন
- ঐ + অ = আয্ + অ গৈ + অক = গায়ক

9)

'আকাশ কুসুম' শব্দের অর্থ কোনটি?

✔ 1)
অলীক ভাবনা

2)
অদ্ভুত জিনিস

3)
সুন্দর কল্পনা

4)
স্বপ্ন

**ব্যাখ্যা :**

- আকাশ কুসুম (অসম্ভব কল্পনা /অলীক ভাবনা)- পড়াশোনা তো ভালো করে করতেছ না আবার প্রাইমারী শিক্ষক হওয়ার স্বপ্নে বিভর। এভাবে চলতে থাকলে পাশ করা তো আকাশ কুসুম ছাড়া কিছু নয়।
- মন না মতি ( অস্থির মানব মন)- একসাথে ২টা সরকারি জব হওয়ায় শারমিনের অবস্থা মন না মতির মতই। কোনটায় জয়েন করবে তাই নিয়ে তার মন না মতি পরিলক্ষিত হচ্ছে।

Hello BCS

10)
'মায়াবী প্রহর' নাটকটি কার রচনা?

1)
সেলিম আল দীন

2)
দীনবন্ধু মিত্র

✔ 3)
আলাউদ্দিন আল আজাদ

4)
আবদুল্লাহ আল মামুন

**ব্যাখ্যা :**

- আলাউদ্দিন আল আজাদ রচিত নাটক হচ্ছে মায়াবী প্রহর, মরক্কোর যাদুঘর,  নরকের লাল গোলাপ ইত্যাদি।
- দীনবন্ধু মিত্রের বিখ্যাত নাটক হল 'নীলদর্পণ'। যা ১৮৬০ সালে প্রকাশিত হয়।

11)
'ক্ষমার যোগ্য' এর এককথায় প্রকাশ----------

1)
ক্ষমা

2)
ক্ষমাপ্রার্থী

✔ 3)
ক্ষমার্হ

4)
ক্ষমাপ্রদ

**ব্যাখ্যা :**

- কিছু গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ-
- ক্ষমার্হ - ক্ষমার যোগ্য
- পাটনি- খেয়াপার করে যে
- বুভুক্ষা - ভোজন করার ইচ্ছা
- মুমূর্ষু - মৃতের মত অবস্থা যার
- মৃন্ময় - মৃত্তিকা দিয়ে তৈরি
- মুমুক্ষু - মুক্তি পেতে ইচ্ছুক
- পত্রপুট- গাছের পাতায় তৈরি পট।

12)
নিচের কোনটি শুদ্ধ বানান?

1)
Embarrasment

Hello BCS

✔ 2)
Embarrassment

3)
Embarassment

4)
Embarasment

**ব্যাখ্যা :**

- সঠিক বানান যুক্ত শব্দ হলো Embarrassment যার অর্থ বিমূঢ়তা, থতমত হওয়া । এরকম আরো কিছু শব্দ যেমন :
- Efflorescence ⇒ পুষ্পায়ন
- Encyclopedia ⇒ বিশ্বকোষ
- Equilibrium ⇒ সুস্থিতি
- Exaggerate ⇒ অন্যায় ভাবে বাড়ানো
- Excellency ⇒ মহামহিম
- Exhilaration ⇒ ফূর্তি। সুতরাং সঠিক উত্তর (খ)।

13)
শুদ্ধ বানানটি নির্ণয় করুন-------------

Hello BCS

1)
ষান্মাসিক

2)
সান্মাষিক

✔ 3)
ষাণ্মাসিক

4)
সবগুলোই ঠিক

**ব্যাখ্যা :**

- একমাত্র শুদ্ধ বানান টি অপশন (গ) ষাণ্মাসিক। এর অর্থ হল ৬ মাস অন্তর অন্তর।

14)
নিচের কোন বাক্যটি শুদ্ধ?

1)
I saw the bird sit down on the roof.

2)
I saw the bird sat on the roof

3)
I saw the birds sits on the roof.

✔ 4)
I saw the bird sitting on the roof.

ব্যাখ্যা :

- Simple sentence এ একটি বাক্যে দুটি verb থাকলে প্রথম verb টি tense অনুসারে হয় এবং পরের verb টিকে infinite (V+ing বা to + V1) করতে হয় । কিন্তু see এর পর কোন verb আসলে তার সাথে ing যুক্ত হয় । তাই সঠিক বাক্য হলো (ঘ) I saw the bird sitting on the roof.

15)
'বিচ্ছিন্ন প্রতিলিপি' কাব্যগ্রন্থের রচয়িতা------------

✔ 1)
মযহারুল ইসলাম

2)
রফিকুল আজাদ

3)
হুমায়ুন কবির

4)
জাহানারা ইমাম

Hello BCS

**ব্যাখ্যা :**

- বিচ্ছিন্ন প্রতিলিপি' কাব্যগ্রন্থের রচয়িতা হলেন  মযহারুল ইসলাম।  হুমায়ুন কবির রচিত বিখ্যাত গ্রন্থ হল 'নদী ও নারী' (৩৮তম বিসিএস)

16)
তোমার গায়ে নখের আঁচড়ও লাগবে না" বাক্যে 'নখের' কোন কারকে কোন বিভক্তি?

1)
কর্মে শূন্য

2)
অপাদানে ৬ষ্ঠী

3)
করণে ৫মী

✔ 4)
করণে ষষ্ঠী

**ব্যাখ্যা :**

- করণ শব্দের অর্থ হল যন্ত্র, সহায়ক, উপায়। কর্তা যার দ্বারা ক্রিয়া সম্পাদন করে তাই করণকারক। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ, বা সহায়ককেই বলা হয় করণকারক।
- চিনিবার উপায়-
- ক্রিয়াপদকে কিসের দ্বারা, কি উপায়ে? প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই করণকারক। যেমন-
- তোমার গায়ে নখের আঁচড়ও লাগবে না" এখানে আঁচড় লাগার উপকরণ বা মাধ্যম হল 'নখ'। এর সাথে ষষ্ঠী বিভক্তির চিহ্ন যোগ হয়েছে। সুতরাং এটি করণকারকে ষষ্ঠী বিভক্তির উদাহরণ।

17)
যে সমাসের পূর্ব পদের বিভক্তি লোপ হয় না তাকে বলা হয়----------

1)
নিত্য সমাস

2)
প্রাদি সমাস

3)
দ্বন্দ্ব সমাস

Hello BCS

✔ 4)
অলুক সমাস

**ব্যাখ্যা :**

- অলুক সমাস = যে সমাসের পূর্ব পদের বিভক্তি লোপ হয় না তাকে বলা হয় অলুক সমাস। যেমন-

- দুধে ও ভাতে = দুধে-ভাত

18)
কপোল ভাসিয়া গেল নয়নের জলে। এখানে 'কপোল' কোন কারকে কোন বিভক্তি?

✔ 1)
কর্মে শূন্য

2)
করণে তৃতীয়া

3)
অধিকরণে তৃতীয়া

4)
কর্মে তৃতীয়া

Hello BCS

**ব্যাখ্যা :**

- কর্মকারক----------
- কর্তা যা করে বা যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন করে তাই কর্ম। সহজ কথায়, ক্রিয়ার কাজ যার উপর পতিত হয় বা শেষ হয়। যেমন-
- ডাক্তার ডাক
- কপোল ভাসিয়া গেল নয়নের জলে।
- চিনিবার উপায়- ক্রিয়াকে কী বা কাকে দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই কর্মকারক ।
- কি ভাসিয়া গেল? উত্তর কপোল । সুতরাং 'কপোল' এ কোনো বিভক্তি না থাকায় তা হল কর্মকারকে শূন্য বিভক্তি । কর্মকারকে কখনো কখনো কর্তা উহ্য থাকে।

19)
নিচের কোন বাক্যটি শুদ্ধ?

1)

Hasan has choosed the right path.

✔ 2)
Hasan has chosen the right path.

3)
Hasan has chose the right path.

4)
Hasan has choseing the right path.

**ব্যাখ্যা :**

- যে tense দ্বারা বর্তমানে এইমাত্র কোন কাজ শেষ হয়েছে বুঝায় তাকে present perfect tense বলে। এই tense এর গঠন হলো : Sub + have/has + V.p.p. + ext. উক্ত বাক্যে has এর পর verb এর past participle হবে। আর chose (পছন্দ করা) এর past participle form হলো chosen. তাই সঠিক উত্তর (খ)।

20)
কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?

✔ 1)
কলে ছাটা

2)
মাথায় ছাতা

3)
গায়েহলুদ

4)
হাতে কলমে

**ব্যাখ্যা :**

- অলুক তৎপুরুষ-
- যে তৎপুরুষ সমাসে পূর্ব পদে কোন বিভক্তি লোপ পায় না তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন-
- কলে ছাটা = কলে ছাটা,
- গায়ে পড়া = গায়েপড়া।
- এরূপ ঘিয়ে ভাজা, কলের গান, গরুর গাড়ি ইত্যাদি।

21)

Hello BCS

কোন বানানটি শুদ্ধ?

1)
দধিচী

✔ 2)
দধীচি

3)
দধিচি

4)
দধীচী

**ব্যাখ্যা :**

- শুদ্ধ বানানটি হল দধীচি। আরো কিছু শুদ্ধ বানান ----------
- উজ্জ্বল, প্রোজ্জ্বল, প্রজ্বলিত, উচ্ছ্বাস, বন্ধুত্ব, শ্বাস, শ্বশ্রূ, পার্শ্ব, শাশ্বত, স্বত্ব, সত্ব, স্বায়ত্তশাসন, বিদ্বান, বিশ্বস্ত, পক্ব, রৌদ্রকরোজ্জ্বল, সান্ত্বনা, স্বতন্ত্র, স্বাতন্ত্র্য, স্বস্তি, স্বরূপ, প্রতিদ্বন্দ্বী, ঊর্ধ্ব, বিশ্বাস, স্বার্থ, স্বীকার, স্বাদ, স্বাধীন। অপশনের বাকি শব্দের শুদ্ধরূপ- উৎকর্ষতা - উৎকর্ষ ; বৈশিষ্ট্যতা - বৈশিষ্ট্য নিষ্পাপী - নিষ্পাপ।

22)
বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে --------

Hello BCS

1)
রাণীগঞ্জে

2)
বিজয়পুরে

✔ 3)
জামালগঞ্জে

4)
জকিগঞ্জে

**ব্যাখ্যা :**

- পাকিস্তান ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ১৯৬১ সালে জয়পুরহাট জেলার জামালগঞ্জে ভূপৃষ্ঠের অত্যধিক গভীরতায় বাংলাদেশ প্রথম কয়লার খনি আবিষ্কার করে। (পরিবর্তনশীল তথ্য)

23)
আগ্নেয়গিরির জ্বালামুখ দিয়ে নির্গত গলিত পদার্থকে বলা হয়--------

1)
ম্যাগমা

2)
শিলা

✔ 3)
লাভা

4)
ভস্ম

**ব্যাখ্যা :**

- ভূত্বকের কোন দুর্বল অংশ বা ফাটল দিয়ে ভূপৃষ্ঠের উপর দিয়ে উদগীরণ হয় ভূ-অভ্যন্তরে সঞ্চিত গলিত পদার্থ হল লাভা। আগ্নেয়গিরির জ্বালামুখ দিয়ে নির্গত গলিত পদার্থকে বলা হয় লাভা।

Hello BCS

24)
কর্ণফুলী নদীর উৎপত্তি ভারতের কোন রাজ্যে?

1)
ত্রিপুরা

2)
মণিপুর

3)
মেঘালয়

✔ 4)
মিজোরামে

ব্যাখ্যা :

- বাংলাদেশের 'খরস্রোতা নদী' বলা হয় কর্ণফুলী নদীকে। এটি ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়ের লংলেহ থেকে শুরু হয়ে চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে চট্টগ্রামের পতেঙ্গার কাছে বঙ্গোপসাগরে মিলিত হয়েছে।

25)
'জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?

1)
হামিদুর রহমান

2)
তানভির কবির

3)
মযহারুল ইসলাম

✔ 4)
মাঈনুল হোসেন

Hello BCS

ব্যাখ্যা :

- জাতীয় স্মৃতিসৌধ --------
- ঢাকার নবীনগরে অবস্থিত বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ। এর স্থপতি হলেন মাঈনুল হোসেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিকে চির অম্লান করে রাখার জন্য তৈরি করা হয় এই স্মৃতিসৌধ। এতে ৭টি ফলক রয়েছে। যা ১৯৫২- ১৯৭১ পর্যন্ত ৭টি গুরুত্বপূর্ণ ঘটনার তাৎপর্য বহন করে।

26)
বাংলাদেশের কোন বনভূমি শালবন বৃক্ষের জন্য বিখ্যাত?

1)
সিলেটের বনভূমি

✔ 2)
ভাওয়াল ও মধুপুরের বনভূমি

3)
পার্বত্য চট্টগ্রামের বনভূমি

4)
খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বনভূমি

**ব্যাখ্যা :**

- গাজীপুর জেলার অবস্থিত ভাওয়াল ও মধুপুরের বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত।

27)
'লীগ অব নেশনস' কোন সালে বিলুপ্ত হয়?

1)
১৯৩৯ সালে

2)
১৯৩৯ সালে

3)
১৯৪৪ সালে

✔ 4)
১৯৪৬ সালে

**ব্যাখ্যা :**

- United Nations বা জাতিসংঘের পূর্বসুরী হল 'লীগ অব নেশনস। এটি প্রতিষ্ঠিত হয় ১৯১৯ সালে। এটি আনুষ্ঠানিক ভাবে বিলুপ্ত করা হয় ২০ এপ্রিল, ১৯৪৬ সালে।

28)
বীরশ্রেষ্ঠ' পদকপ্রাপ্তদের সংখ্যা কত?

Hello BCS

✔ 1)
সাত

2)
আট

3)
পাঁচ

4)
ছয়

**ব্যাখ্যা :**

- মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্বের জন্য বাংলাদেশ সরকার ৬৭৬ জনকে ৪টি ক্যাটাগোরিতে খেতাব প্রদান করে। সেগুলো হল-

- বীরশ্রেষ্ঠ -৭ জন

- বীরউত্তম -৬৮ জন

- বীরবিক্রম ১৭৫ জন

- বীরপ্রতীক ৪২৬ জন

29)
রাজশাহী বিশ্ববিদ্যাল প্রতিষ্ঠিত হয়--------

1)
১৯৫২ সালে

✔ 2)

Hello BCS

১৯৫৩ সালে

3)
১৯৫৪ সালে

4)
১৯৫৫ সালে

**ব্যাখ্যা :**

- রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত ১৯৫৩ সালে। এই বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি ছিলেন ড. ইতরাত হোসেন জুবেরী।

30)
এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ( ADB) এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

✔ 1)
ম্যানিলা

2)
ব্যাংকক

3)
সিঙ্গাপুর

4)
টোকিও

**ব্যাখ্যা :**

- Asian Development Bank (ADB) এর প্রধান কার্যালয় অবস্থিত ফিলিপাইনের রাজধানী ম্যানিলায়। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৬৬ সালে।

31)
স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলিত হয় ১৯৭১ সালের-----------

1)
২৫ মার্চ

2)

Hello BCS

২৩ মার্চ

3)
১০ মার্চ

✔ 4)
২ মার্চ

**ব্যাখ্যা :**

- পতাকা উত্তোলন-
- স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলিত হয় ১৯৭১ সালের ২ মার্চ। এই পতাকা উত্তোলন করেন ডাকসু ভিপি আ.স. ম আবদুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন প্রাঙ্গণে। এজন্য ২ মার্চ বাংলাদেশের পতাকা দিবস পালিত হয়।

32)
'Encounter' শব্দটির Synonym হচ্ছে------------

1)
Harmony

2)
Concord

✔ 3)
Battle

4)
Part

**ব্যাখ্যা :**

- Encounter অর্থ সশস্ত্র প্রতিরোধ, যুদ্ধ । যার সমার্থক শব্দ হলো Battle (যুদ্ধ) । এছাড়া Concord অর্থ ঐক্য, মিল, Harmony অর্থ সাদৃশ্য এবং Part অর্থ অংশ । সুতরাং সঠিক উত্তর (গ)।

33)

Hello BCS

Destroy' শব্দটির noun হচ্ছে-- -------

✔ 1)
Destruction

2)
Damage

3)
Harm

4)
Affect

ব্যাখ্যা :

- Destroy হলো verb, যার অর্থ ধ্বংস করা। এর noun হলো Destruction (ধ্বংস, বিনাশ)। এছাড়া Damage এবং Harm অর্থ ক্ষতি, ও Affect অর্থ প্রভাবিত করা। সুতরাং সঠিক উত্তর (ক)।

34)
'Natural' শব্দটির Antonym হচ্ছে------------

Hello BCS

1)
Inherent

2)
Kingdom

3)
Original

✔ 4)
Abnormal

ব্যাখ্যা :

- Natural (adj) অর্থ স্বাভাবিক, প্রাকৃতিক। এর বিপরীত শব্দ হলো Abnormal (অস্বাভাবিক)।
- এছাড়া Inherent অর্থ সহজাত, অন্তর্নিহিত, Original অর্থ মৌলিক এবং Kingdom অর্থ রাজত্ব। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

35)
Bitter' শব্দটির verb হচ্ছে---------

1)
Bitterness

2)
Bitter

3)
Bitterify

✔ 4)
Embitter

**ব্যাখ্যা :**

- Bitter হলো adjective যার অর্থ তিক্ত । এর verb হলো Embitter (তিক্ত করা) ।
- এছাড়া Bitter এর noun হলো Bitterness (তিক্ততা)। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

Hello BCS

36)
He said to me, "Which book do you want?" বাক্যের indirect speech হচ্ছে---

1)
He said to me which book I wanted

✔ 2)
He asked me which book I wanted

3)
He asked to me which book I wanted

4)
He said to me which book I have wanted

**ব্যাখ্যা :**

- বাক্যটি Interrogative sentence হওয়ায় said to এর পরিবর্তে asked হবে (asked to হবে না) এবং reported speech টি present indefinite tense হওয়ায় indirect এ past indefinite করতে হবে ।
- অতএব He said to me, "Which book do you want?" এর সঠিক indirect speech হলো : He asked me which book I wanted. সুতরাং সঠিক উত্তর (খ)।

37)
'Beggar description' phrase টির অর্থ হচ্ছে---

1)
Miser

✔ 2)
Undescribable

3)
Very poor

4)
Inefficient

Hello BCS

**ব্যাখ্যা :**

- 'Beggar description' হলো একটি phrase যার অর্থ অবর্ণনীয় বা বর্ণনাতীত । যার সমার্থক শব্দ হলো Undescribable (যা বর্ণনা করা যায় না)।
- এছাড়া Miser অর্থ কৃপণ, Very poor অর্থ খুব গরীব এবং Inefficient অর্থ অদক্ষ । সুতরাং সঠিক উত্তর (খ)।

38)
'Do away with it' বাক্যটির passive form হচ্ছে---

✔ 1)
Let it be done away with

2)
Let it has done away with

3)
Let it is to be done away with

4)
Let it has to do away with

**ব্যাখ্যা :**

- Imperative sentence এর affirmative বাক্যের passive করার নিয়ম হলো : Let + obj + be + V.p.p. + বাকি অংশ (যদি থাকে) । সুতরাং নিয়মানুযায়ী সঠিক passive form হলো Let it be done away with. সুতরাং সঠিক উত্তর হলো (ক)

39)
Your conduct admits ------------ no excuse.

1)
for

2)
at

✔ 3)
of

4)
from

**ব্যাখ্যা :**

- কোন কিছুর অবকাশ থাকা বা সুযোগ থাকা অর্থে admit এর পর of বসে । উল্লেখ্য admit এর subject যখন কোন ব্যক্তি হয় তখন admit এর পর of বসে না । এছাড়া admit to অর্থ হলো ভর্তি হওয়া, স্বীকার করা । তাই সঠিক উত্তর হলো (গ)।

40)
'All his pupils like him' বাক্যটির সঠিক Passive form ----

Hello BCS

✔ 1)
He was liked by all his pupils

2)
He was like by all his pupils

3)
He is being liked by all his pupils

✔ 4)
He is liked by all his pupils

**ব্যাখ্যা :**

- Present indefinite tense এবং assertive sentence এর Voice change করার সাধারণ নিয়ম হলো : ⇒ Obj কে sub করতে হবে । ⇒ tense অনুযায়ী সাহায্যকারী verb নিতে হবে । বাক্যটি present indefnite হওয়ায় am/ is / are হবে। ⇒ মূল Verb এর past participle করতে হবে।
- ⇒ by বসাতে হবে । ⇒ sub কে obj করতে হবে। সুতরাং সঠিক উত্তর হলো (ঘ) He is liked by all his pupils.

41)
I shall adhere -------------- my plan.

✔ 1)
to

2)
in

3)
for

4)
with

Hello BCS

**ব্যাখ্যা :**

- কোন কিছুতে লেগে থাকা বা অটল থাকা অর্থে adhere এর পর to হলো appropriate preposition. যেমন :
- You must adhere to your studies.
- I shall adhere to my plan (আমি আমার পরিকল্পনায় অটল থাকব)। এছাড়া adhere এর সাথে অন্যান্য preposition বসে না। সুতরাং সঠিক উত্তর (ক)।

42)
০.২৫ কে সামান্য ভগ্নাংশে পরিণত করলে হবে --

1)
২/৩

2)
১/৫

✔ 3)
১/৪

4)
৩/৪

Hello BCS

**ব্যাখ্যা :**

- ০.২৫ = ২৫/১০০ = ১/৪ ।
- সুতরাং সঠিক উত্তর (গ)।

43)
এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?

1)
২৫ টাকা

2)
১২ টাকা

3)
১৫ টাকা

✔ 4)
২২ টাকা

**ব্যাখ্যা :**

- ১২ টি আমের ক্রয়মূল্য = ৬০ টাকা
- ৪ টি আমের ক্রয়মূল্য = (৬০ × ৪)/১২ = ২০ টাকা
- ১০% লাভে বিক্রয়মূল্য = ২০ + ২০ × ১০% = ২২ টাকা
- সুতরাং সঠিক উত্তর (ঘ)।

44)
৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হয় । এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে ?

✔ 1)
৭২

2)
৬০

3)
৬২

4)
৭৫

Hello BCS

**ব্যাখ্যা :**

- ১ ট কলার ক্রয়মূল্য = ৩৬/১২ = ৩ টাকা ২০% লাভে ১ টির বিক্রয়মূল্য = ৩ × ১২০% = ৩.৬ টাকা
- ২০ টি কলার বিক্রয়মূল্য = ২০ × ৩.৬ = ৭২ টাকা। সুতরাং সঠিক উত্তর (ক)।

45)
একটি রাস্তায় ১২৫ মিটার অন্তর বৈদ্যুতিক খুঁটি পোঁতা হচ্ছে । ৮ কিমি দীর্ঘ রাস্তায় কতগুলো খুঁটির প্রয়োজন হবে?

1)
৫০ টি

2)
৪৩ টি

✔ 3)
৬৫ টি

4)
৫১ টি

**ব্যাখ্যা :**

- আমরা জানি, ৮ কিমি = ৮০০০ মিটার ১২৫ মিটার অন্তর খুঁটি বসবে = ৮০০০/১৩৫ = ৬৪ টি
- যেহেতু, শুরুতে একটি খুঁটি বসবে, তাই মোট খুঁটি = ৬৪ + ১ = ৬৫ টি
- সুতরাং সঠিক উত্তর (গ)।

46)
কোন ত্রিভুজের একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি-------

1)
সমবাহু সমকোণী

2)
সূক্ষ্মকোণী

✔ 3)
সমকোণী ত্রিভুজ

4)
স্থূলকোণী

Hello BCS

**ব্যাখ্যা :**

- সমকোণী ত্রিভুজ-----
- কোন ত্রিভুজের একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে তাকে সমকোণী ত্রিভুজ বলে। সমকোণী ত্রিভুজের একটি কোন অবশ্যই এক সমকোণ বা ৯০ ডিগ্রি হবে এবং অপর দুই কোণের সমষ্টি হবে এক সমকোণ বা ৯০ ডিগ্রি ।
- সমবাহু ত্রিভুজ------
- যে ত্রিভুজের তিনটি বাহুই সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। বাহুগুলো পরস্পর সমান বলে এর প্রত্যেকটি কোণের পরিমান ৬০ ডিগ্রি ।
- সূক্ষ্মকোণী ত্রিভুজ-----
- যে কোণের পরিমাণ ৯০° এর কম তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে ।
- স্থূলকোণী ত্রিভুজ-- ----
- যে কোণের পরিমাণ ৯০° এর বেশি কিন্তু ১৮০° এর কম তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে। সুতরাং সঠিক উত্তর (খ)।

47)
১, ২, ৩, ৫, ৬, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

1)
৪০

2)
৬৮

3)
৮৯

✔ 4)
৫৫

48)
১০ বছর আগে করিমের বয়স ছিল রহিমের বয়সের অর্ধেক। যদি তদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে বর্তমানে তাদের মোট বয়স কত?

✔ 1)
৩৫ বছর

2)
২৩ বছর

3)
২৮ বছর

4)
৪৫ বছর

Hello BCS

**ব্যাখ্যা :**

- ধরি, বর্তমানে করিমের বয়স = ৩ক বছর " রহিমের " = ৪ক "
- ১০ বছর পূর্বে, করিমের বয়স = (৩ক - ১০) বছর
- রহিমের " = (৪ক - ১০) "
- প্রশ্নমতে, (৩ক - ১০) = ১/২(৪ক - ১০)
- বা, ৬ক - ২০ = ৪ক - ১০
- বা, ২ক = ১০
- বা, ক = ৫
- তাদের বর্তমান বয়স = ৩ × ৫ + ৪ × ৫ = ৩৫ বছর। সুতরাং সঠিক উত্তর (ক)।

49)
একটি নৌকা স্রোতের প্রতিকূলে ৯ কিমি ও স্রোতের অনুকূলে ১৮ কিমি যায় ৩ ঘণ্টায়। নৌকার গতিবেগ ঘণ্টায় কত কিমি?

1)
১.৫ কিমি

2)
৩ কিমি

3)
৬ কিমি

✔ 4)
৪.৫ কিমি

**ব্যাখ্যা :**

- স্রোতের প্রতিকূলে গতিবেগ = ৯/৩ = ৩ কিমি/ঘণ্টা
- স্রোতের অনুকূলে গতিবেগ = ১৮/৩ = ৬ কিমি/ঘণ্টা
- তাহলে, নৌকার গতিবেগ
- = (অনুকূলে গতি + প্রতিকূলে গতি)/২
- = (৬ + ৩)/২ = ৯/২ = ৪.৫ কিমি / ঘণ্টা
- সুতরাং সঠিক উত্তর (ঘ)।

Hello BCS

50)
ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৫০ টাকা। ক এর বেতন ৫৪০ টাকা হলে ঘ এর বেতন কত?

1)
৩৭৫ টাকা

2)
৩৮০ টাকা

✔ 3)
৩৯০ টাকা

4)
৪০০ টাকা

ব্যাখ্যা :

- ক, খ ও গ এর মোট বেতন = ৫০০ × ৩ = ১৫০০ টাকা
- ক এর বেতন = ৫৪০ টাকা তাহলে খ ও গ এর বেতন = ১৫০০ - ৫৪০ = ৯৬০ টাকা
- আবার, খ, গ ও ঘ এর মোট বেতন = ৪৫০ × ৩ = ১৩৫০ টাকা
- তাহলে, ঘ এর বেতন = ১৩৫০ - ৯৬০ = ৩৯০ টাকা। সুতরাং সঠিক উত্তর (গ)।

51)
$x - 1/x = 4$ হলে, $x^2 + 1/x^2$ এর মান কত ?

✔ 1)
18

2)
14

3)
16

4)
22

ব্যাখ্যা :

- আমরা জানি, $x^2 + 1/x^2$
- $= (x - 1/x)^2 + 2.x.1/x$
- $= 4^2 + 2 = 16 + 2 = 18$
- সুতরাং সঠিক উত্তর (ক)।

52)
বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত --------------------

1)
৩

2)
প্রায় ৫

3)
২৫/৯

Hello BCS

✔ 4)
২২/৭

ব্যাখ্যা :

- কোনো বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাতকে π বলে। আর, π = ২২/৭ সুতরাং সঠিক উত্তর (ঘ)।

53)
m এর মান কত হলে $4x^2 - mx + 9$ একটি পূর্ণবর্গ হবে?

✔ 1)
12

2)
16

3)
10

4)
9

ব্যাখ্যা :

- $4x^2 - mx + 9 =$
- $(2x)^2 + (3)^2 - 2.2x.3 - mx + 2.2x.3 = (2x - 3)^2 + 12x - mx$ রাশিটি পূর্ণবর্গ হবে যদি, $12x - mx = 0$ বা, $mx = 12x$ বা, $m = 12$ হয়। সুতরাং সঠিক উত্তর (খ)।

54)
একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩২ কেজি এবং অর্ধেক তেলসহ পাত্রের ওজন ২০ কেজি । পাত্রটির ওজন কত?

✔ 1)
৮ কেজি

2)
১০ কেজি

3)

Hello BCS

১২ কেজি

4)
৬ কেজি

**ব্যাখ্যা :**

- অর্ধেক তেলের পরিমাণ = ৩২ - ২০ = ১২ কেজি
- তাহলে সম্পূর্ণ তেলের পরিমাণ = ১২ + ১২ = ২৪ কেজি
- তাহলে খালি পাত্রের ওজন = ৩২ - ২৪ = ৮ কেজি
- সুতরাং সঠিক উত্তর (ক)।

55)
সমুদ্র বায়ু প্রবল বেগে প্রবাহিত হয়---------------.

1)
সকালে

2)
মধ্যাহ্নে

✔ 3)
অপরাহ্নে

4)
মধ্যাহ্নে

**ব্যাখ্যা :**

- সমুদ্র স্রোতের অন্যতম কারণ হল বায়ুপ্রবাহ। এই বায়ুপ্রবাহ সবসময় এক থাকে না। অপরাহ্নে সমুদ্র বায়ু প্রবাহ সবচেয়ে বেশি প্রবাহিত হয়।

56)
পৃথিবী হতে সূর্যের গড় দূরত্ব --------------

1)
১৭ কোটি কিলোমিটার

Hello BCS

✔ 2)
১৫ কোটি কিলোমিটার

3)
১০কোটি কিলোমিটার

4)
১৩ কোটি কিলোমিটার

**ব্যাখ্যা :**

- সৌরজগতের ৮টি গ্রহের মধ্যে পৃথিবী একটি। এই গ্রহণের মধ্যেই কেবল প্রাণের অস্তিত্ব বিদ্যমান। সৌরজগতের তৃতীয় গ্রহ এটি। এটি থেকে সূর্যের গড় দূরত্ব ১৫ কোটি কিলোমিটার।

57)
কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?

1)
০° সেন্টিগ্রেড

✔ 2)
৪° সেন্টিগ্রেড

3)
৪০০° সেন্টিগ্রেড

4)
কোনটি নয়

**ব্যাখ্যা :**

- পানির ব্যতিক্রমী প্রসারণ - তরল পদার্থকে তাপ প্রয়োগ করলে তার আয়তন বাড়ে, তাপ অপসারণ করলে আয়তন কমে। কিন্তু ০° সেলসিয়াস তাপমাত্রায় পানিকে উত্তপ্ত করলে এর আয়তন বাড়ে না বরং আয়তন কম। ৪° সেলসিয়াস তাপমাত্রা পর্যন্ত এরূপ ঘটে। ৪° সেলসিয়াস তাপমাত্রায় পানিকে গরম বা ঠান্ডা যাই করা হোক না কেন তা প্রসারিত হয়। এটি তরল পদার্থের ব্যতিক্রমী প্রসারণ। তাই ৪° সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি।

58)

Hello BCS

বিদ্যুৎ প্রবাহের একক কোনটি?

1)
ভোল্ট

✔ 2)
অ্যাম্পিয়ার

3)
জুল

4)
ওয়াট

**ব্যাখ্যা :**

- কিছু গুরুত্বপূর্ণ একক--------
- অ্যাম্পিয়ার - বিদ্যুৎ প্রবাহের একক
- ভোল্ট- তড়িচ্চালক শক্তির একক
- ওয়াট- ক্ষমতার একক
- জুল- কাজ বা শক্তির একক

59)
ক্রোনোমিটার হচ্ছে ------------

✔ 1)
সময় নির্ণায়ক যন্ত্র

2)

Hello BCS

সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র

3)
ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র

4)
উত্তাপ নির্ণায়ক যন্ত্র

**ব্যাখ্যা :**

- সময় নির্ণায়ক যন্ত্র - ক্রোনোমিটার
- সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র - ফ্যাদোমিটার
- ভূমিকম্প  নির্ণায়ক যন্ত্র - রিখটার স্কেল
- উত্তাপ/তাপ নির্ণায়ক যন্ত্র - থার্মোমিটার

Hello BCS

60)
নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-----------

✔ 1)
ধমনীর ভিতর দিয়ে

2)
শিরার ভিতর দিয়ে

3)
স্নায়ুর ভিতর দিয়ে

4)
ল্যাকটিয়ালের ভিতর দিয়ে

**ব্যাখ্যা :**

- ডাক্তার রোগির নাড়ী দেখার সময় প্রকৃতপক্ষে ধমনীর স্পন্দন বা Pulse দেখেন। একজন পূর্ণবয়স্ক মানুষের Pulse rate বা নাড়ীর স্পন্দনের গড় প্রতি মিনিটে ৭২ বার।

61)
সৌরজগতের বৃহত্তম গ্রহ কোনটি?

1)
শুক্র

2)
শনি

✔ 3)
বৃহস্পতি

4)
পৃথিবী

**ব্যাখ্যা :**

- সৌরজগতের বৃহত্তম গ্রহটি হল বৃহস্পতি। একে গ্রহরাজ বলা হয়। তবে সৌরজগতের সবচেয়ে বেশি উপগ্রহ রয়েছে শনির (পরিবর্তনশীল তথ্য)

62)
'সিএফসি' কি ক্ষতি করে?

1)
বায়ুর তাপ বৃদ্ধি করে

2)
এসিড বৃষ্টিপাত ঘটায়

✔ 3)
ওজোনস্তর ধ্বংস করে

4)
কোনটি নয়

**ব্যাখ্যা :**

- ১৯৮২ সালে CFC or ক্লোরো - ফ্লোরো কার্বন আবিষ্কার করেন Professor T. Midgley. যার বাণিজ্যিক নাম 'ফ্রেয়ন'। এটি নির্গত হয় রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশন থেকেও। ভূপৃষ্ঠ থেকে নির্গমনের পর সিএফসি বায়ুমণ্ডলের স্ট্র্যাটোসফিয়ারে পৌঁছে যায় এবং ওজোনস্তরের ক্ষতি করে।

Hello BCS

63)
কোন বর্ণের আলোর প্রতিসরণ সবচাইতে বেশি?

✔ 1)
বেগুনি

2)
সবুজ

3)
হলুদ

4)
লাল

**ব্যাখ্যা :**

- তরঙ্গ দৈর্ঘ্য বিক্ষেপণ বিচ্যুতি সবচেয়ে কম সবচেয়ে বেশি সবচেয়ে বেশি সবচেয়ে বেশি সবচেয়ে কম সবচেয়ে কম। অর্থাৎ যে আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম তার বিক্ষেপণ সবচেয়ে বেশি এবং বিচ্যুতি সবচেয়ে বেশি হয়।
- আবার যে আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি সে আলোর প্রতিসরণ সবচাইতে বেশি। বর্ণালীর মধ্যে বেগুনি আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি হওয়ায় এর প্রতিসরণ সবচাইতে বেশি।

Hello BCS

64)
বর্ণালীর প্রান্তীয় বর্ণ কি কি?

1)
বেগুনি, হলুদ

2)
লাল, নীল

3)
নীল, সবুজ

✔ 4)
বেগুনি,নীল, সবুজ

**ব্যাখ্যা :**

- আমরা জানি, রংধনুতে মোট সাত রং। রংধনুতে সাতটি রঙ মনে রাখার কৌশল হল - বেনিআসহকলা বা বেগুনি, নীল, আসমানী- সবুজ- হলুদ, কমলা, লাল।
- ☞ রংধনুর মধ্যম রঙ হল সবুজ ☞রংধনুর শুরু ও শেষ রঙ বা প্রান্তিক রঙ হল বেগুনি ও লাল (বেলা)।
- ☞ মৌলিক রং ৩টি। যথা- আসমানী (নীল), সবুজ, লাল (আসল)।

65)
রক্তে হিমোগ্লোবিন এর কাজ কি?

1)
রোগ প্রতিরোধ করা

2)
রক্ত জমাট বাঁধতে সাহায্য করা

✔ 3)
অক্সিজেন পরিবহন করা

4)
সবগুলোই হয়

Hello BCS

**ব্যাখ্যা :**

- হিমোগ্লোবিন -
- হিমোগ্লোবিন এর জন্য রক্ত লাল হয়। হিমোগ্লোবিন থাকে রক্তকণিকায়। রক্তে হিমোগ্লোবিন এর পরিমাণ হ্রাস পাওয়াকে বলা হয় রক্তশূন্যতা বা অ্যানিমিয়া। রক্তে হিমোগ্লোবিন তৈরি হয় লৌহ ও আমিষের সহায়তায়।
- রক্তে হিমোগ্লোবিন এর কাজ হল------
- অক্সিজেন পরিবহন ও সামান্য পরিমাণ কার্বন ডাই অক্সাইড পরিবহন করা
- বাফার হিসেবে কাজ করে

66)
শূন্য মাধ্যমে শব্দের বেগ কত?

1)
২৮০ মি./ সেকেন্ড

✔ 2)
শূন্য

3)
৩৩২ মি./ সেকেন্ড

4)
১১২০ ফুট/ সেকেন্ড

**ব্যাখ্যা :**

- আমরা জানি শব্দ চলাচলের জন্য মাধ্যম প্রয়োজন। কোন মাধ্যম ছাড়া শব্দ চলতে পারে না। তাই শূন্য মাধ্যমে শব্দের বেগ শূন্য।

67)
একটি বায়ুশূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একত্রে ছেড়ে দিলে---

1)
আগে পড়বে

2)
পালকটি আগে পড়বে

✔ 3)
উভয়টি একসাথে পড়বে

4)
আদৌও পড়বে না

Hello BCS

**ব্যাখ্যা :**

- পড়ন্ত বস্তুর সূত্রাবলী থেকে আমরা জানি, একেই উচ্চতা ও স্থির অবস্থা থেকে বিনা বাধায় পড়ন্ত সকল বস্তু সমান সময়ে সমান পথ অতিক্রম করে।
- সেজন্য একটি বায়ুশূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একত্রে ছেড়ে দিলে উভয়ই একসাথে মাটিতে পড়বে।

68)
একজন মানুষ কি অবস্থায় পৃথিবীকে সবচেয়ে কম চাপ দেয়?

1)
দাঁড়ানো

2)
দৌড়ানো

3)
বসা

✔ 4)
শোয়া

**ব্যাখ্যা :**

- আমরা জানি শোয়া অবস্থায় প্রযুক্ত বলের চাপ কম থাকে দাঁড়ানো ব্যক্তির থেকে। সুতরাং একজন মানুষ শোয়া অবস্থায় পৃথিবীকে সবচেয়ে কম চাপ দেয়।

69)
পৃথিবীর মূল মধ্যরেখা হতে পূর্ব বা পশ্চিমে কোন স্থানের কৌণিক দূরত্বকে বলা হয়------------

1)
অক্ষাংশ

2)
সুমেরু

3)
কুমেরু

✔ 4)
দ্রাঘিমাংশ

**ব্যাখ্যা :**

- পৃথিবীর মূল মধ্যরেখা হতে পূর্ব বা পশ্চিমে কোন স্থানের কৌণিক দূরত্বকে বলা হয় দ্রাঘিমাংশ।

70)
মোটর গাড়িতে ব্যবহৃত দর্পণ হল---------

1)
অবতল দর্পণ

2)

Hello BCS

সমতল দর্পণ

✔ 3)
উত্তল দর্পণ

4)
সবগুলোই হয়

**ব্যাখ্যা :**

- উত্তল দর্পণ-
- কোন ফাঁপা গোলকের বাইরের পৃষ্ঠ যদি মসৃণ হয় এবং এবং তাতে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে উত্তল দর্পণ বলে। এই দর্পণের আলো চারিদিকে ছড়িয়ে দেয়। এজন্য মোটরগাড়ির হেডলাইট হিসেবে উত্তল দর্পণ ব্যবহার করা হয়

71)
পৃথিবী ঘূর্ণনের ফলে আমরা ছিটকে পড়ি না কেন?

Hello BCS

1)
পৃথিবীর সাথে আমাদের ঘূর্ণনের জন্য

2)
আমরা স্থির থাকার জন্য

3)
বাতাসের উপস্থিতির জন্য

✔ 4)
মাধ্যাকর্ষণ বলের জন্য

**ব্যাখ্যা :**

- পৃথিবী ও তার নিকটস্থ অন্য যে কোনো বস্তুর মধ্যে আকর্ষণ কে বলা হয় অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ। পৃথিবীর কেন্দ্রীয় আকর্ষণে আকৃষ্ট হয়ে বায়ুমণ্ডল পৃথিবীর সঙ্গে আবর্তিত হচ্ছে। সুতরাং পৃথিবী ঘুরলেও আমরা ছিটকে পড়ি না মাধ্যাকর্ষণ শক্তি বা বলের কারণে।

72)
যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়--------

1)
B) সূর্যগ্রহণ

✔ 2)
C) অমাবস্যা

3)
D) কোনটি নয়

**ব্যাখ্যা :**

- সূর্যগ্রহণ= অমাবস্যার তিথিতে চাঁদ পৃথিবী ও সূর্যের মধ্যে অবস্থান করে। ফলে চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে। এ ঘটনাকে সূর্যগ্রহণ বা Solar Eclipse বলে।

- শর্টকাটে সূর্যগ্রহণ = Sun (S) + Moon (M) + Earth (E) ☞ SME লোন
- আবার, চন্দ্রগ্রহণ = পূর্ণিমার তিথিতে পৃথিবী সূর্য ও চাঁদের মধ্যে অবস্থান করে। ফলে পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে। এ ঘটনাকে চন্দ্রগ্রহণ বা Moon Eclipse বলে।

- শর্টকাটে চন্দ্রগ্রহণ = Sun (S) + Earth (E) + Moon ( M) ⇨ SEM (সিম)।

73)
পৃথিবীর পরিধি ---------

✔ 1)
৩৬০ ডিগ্রি

2)
২৬০ ডিগ্রি

3)

Hello BCS

১৮০ ডিগ্রি

4)
৯০ ডিগ্রি

**ব্যাখ্যা :**

- পৃথিবীর পরিধি হল ৩৬০° । নিরক্ষরেখা থেকে উত্তর দিকে ১৮০° তে বিভক্ত আবার দক্ষিণ গোলার্ধের অংশ ১৮০° তে বিভক্ত। তাই মোট পরিধি হবে (১৮০+১৮০)° = ৩৬০°

74)
সহসা দরজা খুলতে চাইলে দরজার কোথায় বল প্রয়োগ করতে হবে?

✔ 1)
দরজার বিপরীত প্রান্তে

2)
মাঝখানে

3)
কব্জার কাছে

4)
উপরের প্রান্তে

Hello BCS

**ব্যাখ্যা :**

- সহসা দরজা খুলতে চাইলে দরজার কব্জার বিপরীত প্রান্তে বল প্রয়োগ করতে হবে।

75)
ইসলামি সম্মেলন সংস্থা (ওআইসি) এর সচিবালয় কোথায়?

✔ 1)
জেদ্দা

2)
রিয়াদ

3)
মক্কা

4)
দামেস্ক

**ব্যাখ্যা :**

- ইসলামি সম্মেলন সংস্থা - ইসলামি সম্মেলন সংস্থা বা ওআইসি প্রতিষ্ঠিত হয় ১৯৬৯ সালে ২৫ সেপ্টেম্বর। তখন এর রাজধানী ছিল মরক্কোর রাজধানী রাবাত। ২০১১ ওআইসি এর নাম পরিবর্তন করে রাখা হয় 'ইসলামি সহযোগিতা সংস্থা'। বর্তমানে এর সদরদপ্তর অবস্থিত সৌদি আরবের জেদ্দায়।

76)
ভূত্বকের গড় গভীরতা (প্রায়)--------

✔ 1)
১৬ কিলোমিটার

2)
১২ কিলোমিটার

3)
১০ কিলোমিটার

4)
২০ কিলোমিটার

**ব্যাখ্যা :**

- ভূত্বক বিভিন্ন উপাদানের সমন্বয়ে তৈরি। এর গড় গভীরতা প্রায় ১৬ কিলোমিটার।

77)
আমেরিকার স্বাধীনতা ঘোষণা করা হয় কোন সালে?

1)
১৮৭০ সালে

2)
১৮৭২ সালে

Hello BCS

✔ 3)
১৭৭৬ সালে

4)
১৮৭৬ সালে

**ব্যাখ্যা :**

- আমেরিকার স্বাধীনতা- আনুষ্ঠানিক ভাবে আমেরিকার স্বাধীনতা ঘোষণা করা হয় ১৭৭৬ সালে।

78)
'আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার' সদরদপ্তর কোথায় অবস্থিত?

1)
জেনেভা

2)
বন

✔ 3)
ভিয়েনা

4)
রোম

**ব্যাখ্যা :**

- আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা বা IAEA প্রতিষ্ঠিত হয় ১৯৫৭ সালে অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায়।

79)
'হামাস' কোন দেশের সংগঠন?

1)
লেবানন

Hello BCS

✔ 2)
ফিলিস্তিন

3)
মিশর

4)
ইরাক

**ব্যাখ্যা :**

- শেখ ইয়াসিন 'হামাস' নামে ফিলিস্তিনের একটি রাজনৈতিক সংগঠন প্রতিষ্ঠিত করেন।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS